



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩- ১০২

তারিখঃ ২০ আগস্ট ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

নারীর প্রতি সহিংসতা রোধে পুরুষদের বলিষ্ঠ ভূমিকা রাখতে হবে- চেয়ারম্যান, জাতীয় মানবাধিকার কমিশন

জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি বলেছেন, “করোনাকালে নারীর প্রতি সহিংসতা উদ্বেগজনকহারে বৃদ্ধি পেয়েছে। নারী-পুরুষ দুজনেই মানুষ এই সত্যটি মাথায় রেখে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে সংশ্লিষ্ট সকলের দৃঢ় পদক্ষেপ এবং পুরুষদের বলিষ্ঠ ভূমিকা সবচেয়ে বেশি প্রয়োজন। জাতীয় মানবাধিকার কমিশন আয়োজিত ইউএনডিপি’র হিউম্যান রাইটস প্রোগ্রাম এর সহযোগিতায় “Gender based Violence: A Shadow Pandemic in the COVID-19 Situation” শীর্ষক ওয়েবিনারে সভাপতির বক্তৃতাকালে তিনি এ কথা বলেন।

সভায় প্যানেলিস্ট হিসেবে বক্তব্য রাখেন আরমা দত্ত, এমপি; জেসমিন আরা বেগম, সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন, ড আবুল হোসেন, প্রকল্প পরিচালক, মাল্টিসেক্টরাল প্রোগ্রাম, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শাহীন আনাম, নির্বাহী পরিচালক, মানুষের জন্য ফাউন্ডেশন; শবনম আজিম, সহযোগী অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, তরিকুল ইসলাম, নির্বাহী পরিচালক, একল্যাব এবং তরুণ প্রতিনিধি ক্রিস্টি অং লিওনা। বক্তারা করোনাকালে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে বেশ কিছু সুপারিশ উপস্থাপন করেনঃ

- নারী নির্যাতন একটি অপরাধ এ বিষয়ে ব্যাপক জনসচেতনতা দরকার। করোনার স্বাস্থ্যবিধি বিষয়ক সচেতনতার পাশাপাশি পারিবারিক সম্প্রীতি/ নারীর প্রতি সহিংসতা রোধ বিষয়ক বার্তা ব্যাপক হারে প্রচার করতে হবে। তথ্যচিত্র, নাটক ইত্যাদির মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে
- করোনাকালে অনেক কন্যা শিশু বিদ্যালয় থেকে ঝরে গেছে। নারী শিক্ষার যে অগ্রগতি এতদিন হয়েছে তা ধরে রাখার জন্য কন্যা শিশুদের বিদ্যালয়ে ফেরত আনতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- বর্তমানে নারীর উল্লেখযোগ্য ক্ষমতায়ন হলেও অর্থবহ ক্ষমতায়ন এখনও হয়নি। তাই নারীর ক্ষমতায়নকে পূর্ণরূপে অর্থবহ করে তোলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে
- পারিবারিক সহিংসতা এবং বাল্যবিবাহ রোধ করার জন্য স্থানীয় প্রশাসন, আইন-শৃঙ্খলা বাহিনীকে আরও জোরদার ভূমিকা রাখতে হবে

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ